


তারিখ ২৬ MAR 1987

পৃষ্ঠা

কলাম



215

উপজেলা পরিক্রমা সারসা

সারসা (যশোর), ২৫ মার্চ
(সংবাদদাতা)।— আন্তর্জাতিক
সীমান্তবর্তী উপজেলা সারসা। যা যশোর
জেলার শেষ প্রান্তে অবস্থিত। এই
উপজেলার আয়তন ১৪৮ বর্গ মাইল।
এর মধ্যে ১১টি ইউনিয়ন। ১৭২টি গ্রাম;
পরিবার সংখ্যা ৫৮ হাজার ৯শ' ৬৪ জন।
এর মধ্যে ৭০ হাজার ৪শ' ২০ জন
পুরুষ। ২৮ হাজার ৫শ' ৪৪ জন মহিলা।
যোগাযোগ

যোগাযোগের ক্ষেত্রে এ উপজেলা খুবই
অনুমত। ৭৬০ কিঃমিঃ রাস্তার মধ্যে ৩৮
কিঃমিঃ পাকা। ১০ কিঃমিঃ আধা-পাকা।
৭১২ কিঃমিঃ রাস্তা কাচা। রেল সড়ক
৩৫ কিঃমিঃ। রেল স্টেশন ১০টি।
টেলিফোন এক্সচেঞ্জ ১টি।

চিকিৎসা ব্যবস্থা

সমস্যায় জরুরিত নভারন হাসপাতালটির
অবস্থা খুবই ক্রমণ। ৩১ শয়া রিশিট। এই
হাসপাতালে রোগীরা সুষ্ঠু চিকিৎসা থেকে
বাধিত। ১০টি হেলথ ক্লিনিক, ৫টি দাতব্য
চিকিৎসালয়, ৬টি পরিবার পরিকল্পনা
ক্লিনিক। যেখানে লক্ষ্যধীক মানুষের
বাস— সেখানে ১টি হাসপাতাল হাস্যকর
ব্যাপার। হাসপাতালে জীরন রক্ষকারী
কোন ওষুধ নেই। হাসপাতালে
চিকিৎসাধীন রোগীদের বাইরে থেকে
ওষুধ ক্রয় করতে হয়। রোগীদের খাবার
ব্যবস্থা থাকলেও তা উন্নতমানের নয়।
বিদ্যুত সরবরাহ

এই উপজেলায় ১টি সাব বিদ্যুৎ স্টেশন
রয়েছে। লোডশেডিং-এর জন্য নিয়মিত
বিদ্যুৎ সরবরাহ হচ্ছে না। ফলে, রাতে
আধারে চোরাচালানীদের তৎপরতা খুঁজি
পাচ্ছে। উপজেলার বিভিন্ন রাস্তায় লাইট
না থাকায় পথচারীদের চলে চলে দারুণ
অসুবিধা হচ্ছে। এতে, ৩০টি গ্রাম
বিদ্যুতায়ন করা হয়েছে। বাকী ১৪০টি

গ্রামে এখনো বিদ্যুৎ পৌছেনি। ফলে
বিদ্যুতের অভাবে গ্রামে-গ্রামে নতুন ক্ষুদ্র
শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠছে না।

কৃষি ব্যবস্থা

প্রয়োজনীয় কৃষি উপকরণের অভাবে
এখানে রেকর্ড পরিমাণ কৃষি পণ্য
উৎপাদিত হচ্ছে না। উপজেলার মোট
জমির পরিমাণ ১ লাখ একর। আবাদী
জমির পরিমাণ ৭০ হাজার ৫শ' একর ও
অনাবাদী জমির পরিমাণ ১২ হাজার ২শ'
একর। এক ফসলী জমির পারিমাণ ২৭
হাজার একর। দুফসলী জমির পরিমাণ
৩০ হাজার একর। তিন ফসলী জমির
পারিমাণ ৩ হাজার একর। কৃষি কাজে
৭০টি অগভীর নলকূপ, ১৪০টি পাওয়ার
পাম্প, ৩ হাজার ২শ'টি টিউবওয়েল
রয়েছে। এগুলোর অধিকাংশ অকেজে
অবস্থায় থাকায় ক্ষয়করা দুর্ভোগ
পোহাছেন।

শিক্ষা প্রতিষ্ঠান এবং প্রশিক্ষণ এ
এ উপজেলার শিক্ষা, ব্যবস্থা খুবই
অনুমত। এখানে দুটি কলেজ, উচ্চ
বিদ্যালয় ৩০টি, বালিকা উচ্চ বিদ্যালয়
৮টি, জুনিয়র হাই স্কুল ৮টি, সরকারী
প্রাথমিক বিদ্যালয় ২৪টি, বেসরকারী
প্রাথমিক বিদ্যালয় ২৯টি, মাদ্রাসা ৬০টি,
হাই মাদ্রাসা ১০টি, জুনিয়র মাদ্রাসা ৮টি,
ফোরকানিয়া মাদ্রাসা ২৪টি, কৃষি
সম্প্রসারণ ইনসিটিউট ১টি রয়েছে।
শিক্ষার হার ২০.১২।

আইন-শৃঙ্খলা

এখনকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি খুবই
অনুমত। তবে সাম্প্রতিকালে উপজেলা
পুলিশী তৎপরতায় আইন-শৃঙ্খলার
কিছুটা উন্নতি হয়েছে। পুর্বের তুলনায়
অপরাধের সংখ্যা হ্রাস পেয়েছে। বিচার
ব্যবস্থা খুবই উন্নত।